

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
গহিরা শাখা।

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স সরোয়ার কামাল চৌধুরী এন্টারপ্রাইজ, ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী জনাব সরোয়ার কামাল চৌধুরী, পিতা- মরহুম আব্দুর সামাদ, মাতা- হাসিনা বেগম, ব্যবসায়িক ঠিকানা- আর.পি.ডি.এল, গোল্ডেন হাসিনা, প্লট নং- ৫৫০/৫১১, গেইট নং- ১০, ব্লক নং- কে, হালিশহর, চট্টগ্রাম।, বর্তমান ঠিকানা- আয়েশা ম্যানশন, হোল্ডি নং-৪০৬, রোড নং-১০, ব্লক নং- বি, চাঁদগাও আবাসিক এলাকা চট্টগ্রাম, অতিরিক্ত ঠিকানা - হোল্ডি নং- ১২০৩/এ, জেলা শিক্ষা অফিসের বিপরীত পার্শ্ব, কক্সবাজার। স্থায়ী ঠিকানা- মাগন হাজীর বাড়ী, শাহ নগর, রাউজান, চট্টগ্রাম, কর্তৃক ইউসিবি, গহিরা শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/০৯/২০১৯-- ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৪,৮৯,৮০,২৪৬.২১ (চার কোটি উনানববই লক্ষ আশি হাজার দুই শত ছয়চলিলছ টাকা একুশ পয়সা) টাকা এবং হাসিনা বেগম ও জনাব সরোয়ার কামাল চৌধুরী স্বত্বাধিকারী মেসার্স সরোয়ার কামাল চৌধুরী এন্টারপ্রাইজ হোম লোন বাবদ ১১,৯৩১,২৫২.২৮ (এক কোটি উনিশ লক্ষ একত্রিশ হাজার দুই শত বায়ানন টাকা আটাশ পয়সা) মোট ৬,০৯,১১,৪৯৮.৪৯ (ছয় কোটি নয় লক্ষ এগার হাজার চার শত আটানববই টাকা উন পঞ্চাশ পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানা সহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

১। মৌজা- আগ্রবাদ, পি.এস. হালিশহর, জেলা- চট্টগ্রাম, সিটি কর্পোরেশন, জে.এল নং- ১০, আর.এস খতিয়ান নং- ৫৮৪, ৯৯৫, আর.এস প্লট নং- ৫৫১, ৫৫২, হারিজি বি.এস খতিয়ান- ১৯১২, ২৮৫০, বি.এস নামজারী খতিয়ান- ৩২৮৭, ২৮৫০/১, বর্তমান বি.এস নামজারী খতিয়ান - ৩৯৬৪, বি.এস প্লট নং- ৫৫৪১ দাগাদির আনদর ৭.৭৩ শতক নাল জমি এবং বি.এস প্লট নং- ৫৫৪০ দাগাদির আনদর ৪.২০ শতক নাল জমি সমপূর্ণ এরিয়া ১১.৯৩ শতক জায়গা আট তলা নির্মাণাধীন ভবন।

২। মৌজা- জিলংজা, থানা- কক্সবাজার সদর, জেলা- কক্সবাজার পৌরসভা। জি.এল নং- ১৭, আর.এস খতিয়ান নং- ২০৯১, ১২৭৬, ১৫৮১, আর.এস প্লট নং- ৭৩৩৪, ৭৩৩৫, ৭৩৩৬, ৭৩৩৭, ৭৩৩৩, ৭৩৩৯, ৭২২৮, ৪৫০৯, ৫২৭৩, ৫২৭৬, ৫২৬৬, ৫২৬৫, বি.এস খতিয়ান নং- ১৭৮৫, ১৭০, ৫৪৯, বি.এস নামজারী খতিয়ান নং- ৩৪৭৭, ৬৬৭০, বি.এস প্লট নং- ২৩১০৭/২৭২৭১, ১৪১২৬/২৯০৯৬, ১৪১২৭/২৯০৯৭, ১৪১৭৪/২৯১৫৮, ২৩১০৭/২৭১৮৬, ২৩১০৭/২৭৯৪৬ সমপূর্ণ এরিয়া ৩৩.৭৫ শতক জায়গা।

নিলামের শর্তাবলী :-

১। আগামী -০৩/১২/২০১৯ - ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গহিরা - শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর

৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গহিরা শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

- ৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- ৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।
- ৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- ৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুখে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।
- ৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- ৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- ৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, গহিরা শাখা।